



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ৩১-০৮-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ০৮ হতে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল বনাম নেপাল মহিলা জাতীয় ফুটবল দলের মধ্যকার 'ফিফা টায়ার-১ আন্তর্জাতিক ফুটবল ম্যাচ ২০২১' এর ২টি খেলা নেপালে অনুষ্ঠিত হবে এবং আগামী ১৯ হতে ২৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত উজবেকিস্তানে অনুষ্ঠিতব্য 'এএফসি ওমেস এশিয়ান কাপ ২০২২, ইন্ডিয়া (কোয়ালিফায়ার্স)' এর খেলায় বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের অংশগ্রহণ করবে (খেলার ফিক্সচার এবং দলীয় তালিকা সংযুক্ত)। উক্ত প্রতিযোগিতাসমূহ সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি অবহিত করনের লক্ষ্যে অদ্য ৩১-০৮-২০২১ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩:৩০ ঘটিকায় বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ফিফা কাউন্সিল মেম্বর ও বাফুফে এবং এএফসি সদস্য ও কমিটি ফর ওমেস ফুটবল এর চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ, বাফুফে সদস্য ও মিডিয়া কমিটির চেয়ারম্যান জনাব জাকির হোসেন চৌধুরী এবং বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ। এছাড়া আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের টিম ম্যানেজার জনাব আমিরুল ইসলাম বাবু, প্রধান প্রশিক্ষক জনাব গোলাম রব্বানী ছোটন ও অধিনায়ক সাবিনা খাতুন।

উল্লেখ্য যে, 'ফিফা টায়ার-১ আন্তর্জাতিক ফুটবল ম্যাচ ২০২১' এর অংশগ্রহণের লক্ষ্যে আগামী ০৬-০৯-২০২১ তারিখ বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল বাংলাদেশ হতে চার্টার্ড ফ্লাইটযোগে নেপাল গমন করবে।

খালিদ মাহমুদ নওমী
মিডিয়া এক্সিকিউটিভ
বাংলাদেশ ফুটবল ফেডারেশন